দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... FEB. 13 2000
পৃষ্ঠা ১ কলাম ৭ ...

## প্রতারণা ॥ বোর্ড নির্ধারিত ফী-এর চেয়ে তিনগুণ বেশি আদায়

বিগত কয়েক বছর ধরে অভিযোগ রয়েছে, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় স্কুল-কলেজে ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অতিরিক্ত পরীক্ষার ফী আদায় করা হচ্ছে। এ সম্পর্কে ৩০ জানুয়ারি ২০০০ তারিখে পত্রিকায় একটি প্রতিবেদন ছাপা হয়েছে। এখন এইচএসসি পরীক্ষার ফরম পূরণ চলছে। ঢাকার শান্তিনগরস্থ হাবিবুল্লাহ্ বাহার কলেজে অধ্যক্ষ স্বাক্ষরিত একটি বিজ্ঞপ্তি বিগত ২৬ জানুয়ারি ২০০০ প্রকাশিত হয়। বিজ্ঞপ্তিতে বাণিজ্য বিভাগের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অনিয়মিত তালিকাভুক্ত ফী ১০৪০.০০ টাকাসহ সর্বমোট ১৮০০.০০ টাকা চাওয়া হয়েছে। ঢাকা বোর্ড অফিসে যোগাযোগ করে জানা গেছে প্রকৃত ফী মাত্র ছয় শ' টাকা। এ সম্পর্কে অধ্যক্ষের সাথে যোগাযোগ করলে তিনি তাঁর সদুত্তর না দিয়ে বরং ছাত্রদের সাথে দুর্ব্যবহার করেন। সরকার নির্ধারিত ফী আদায়ের পরিবর্তে তিনগুণ বেশি অর্থ আদায় প্রকারান্তরে প্রতারণারই শামিল বলে আমরা মনে করি– একটি শিক্ষা প্রতিষ্ঠান এবং তার শিক্ষক নামের কর্তৃপক্ষের কাছে যা প্রত্যাশিত নয়।
এ ব্যাপারে সরকারের সংশ্লিষ্ট বিভাগ ও উর্ধতন কর্তৃপক্ষের আশু দৃষ্টি ও কার্যকর পদক্ষেপ দাবি করছি।

*ভুক্তভোগী ছাত্র ও অভিভাবকবৃন্দের পক্ষে*
***রামকমল শর্মা,***
*শান্তিনগর, ঢাকা।*